



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
পত্নীতলা, নওগাঁ।

www.cooperative.patnitala.naogaon.gov.bd

নম্বর: ৪৭.৬১.৬৪৭৫.০০০.০০০.৩৪.০০০৩.২৩.৪৬

তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ  
১১ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

### নোটিশ

**বিষয়: বদলগাছী উপজেলা কেন্দ্রীয় বিত্তহীন সমবায় সমিতি লিঃ এর ২০২৫-২০২৬ নিরীক্ষা বর্ষের বার্ষিক নিরীক্ষা সম্পাদন প্রসঙ্গে।**

যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের আদেশ নং-৭৮৯, তারিখ-৩০/০৬/২০২৫ খ্রিঃ মূলে প্রদত্ত ক্ষমতা মোতাবেক বদলগাছী উপজেলা কেন্দ্রীয় বিত্তহীন সমবায় সমিতি লিঃ এর ২০২৫-২০২৬ নিরীক্ষা বর্ষের বার্ষিক অডিট সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত/০২,১৩) এর ৪৫ ও ৪৬ ধারা ও বিধিমালা, ২০০৪ এর বিধি ১০০, ১০১, ১০২ ও ১০৩ মোতাবেক সম্পাদনের লক্ষ্যে নিম্ন-স্বাক্ষরকারী কর্তৃক উক্ত সমিতির অডিট কার্যক্রম আগামী ২৭.০৮.২০২৫ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় বদলগাছী উপজেলা কেন্দ্রীয় বিত্তহীন সমবায় সমিতি লিঃ, বদলগাছী, নওগাঁ এর অফিস কক্ষে আরম্ভ করা হবে। উক্ত অডিট কার্য সম্পাদনের লক্ষ্যে নিম্নে উল্লিখিত হিসাব বিবরণী/রেকর্ড পত্রাদি হালনাগাদ অবস্থায় আগামী ২১.০৮.২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে দাখিল করার জন্য অনুরোধ জানানো হ'ল।

হিসাব বিবরণী/রেকর্ড পত্রাদিঃ

- ১। ০১/০৭/২০২৪ খ্রিঃ হতে ৩০/০৬/২০২৫ খ্রিঃ পর্যন্ত সময়ের জমা-খরচ হিসাব (প্রকল্প ভিত্তিক আলাদা আলাদা এবং একীভূত জমা-খরচ হিসাব) এবং রেওয়ামিল।
- ২। ৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখের বানিজ্যিক/ব্যবসায়িক হিসাব।
- ৩। ৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখের লাভ-ক্ষতি বিবরণী।
- ৪। ৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখের নগদ প্রবাহ বিবরণী।
- ৫। ৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখের উদ্বৃত্তপত্র।
- ৬। ৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখের উদ্বৃত্তপত্রে প্রদর্শিত সমিতির সকল দেনা ও পাওনার স্বপক্ষে হালনাগাদ বিস্তারিত তালিকা (শেয়ার, সঞ্চয়, কর্জের ও সুদের তালিকা যোগফল সহ)।
- ৭। ৩০.০৬.২০২৫ খ্রিঃ তারিখের উদ্বৃত্তপত্রে প্রদর্শিত ব্যাংক হিসাব ও ব্যাংকের নিকট দেনার স্বপক্ষে ব্যাংক কর্তৃক সরবরাহকৃত ৩০.০৬.২০২৫ খ্রিঃ তারিখে সমিতির নিকট ব্যাংকের পাওনার ব্যাংক ব্যালেন্স সার্টিফিকেট।
- ৮। ৩০.০৬.২০২৫ খ্রিঃ তারিখে সমিতির জমা-খরচ বহির সমাপনী মজুতের সাথে ব্যাংক হিসাবের স্থিতির পার্থক্য থাকলে ব্যাংক সমতাকরণ বিবরণী।
- ৯। ৩০.০৬.২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত মজুত তহবিল ও মালামাল যাচাই প্রতিবেদন।
- ১০। সমবায় সমিতি আইন, ২০০১ ও সমবায় সমিতি (সংশোধন) আইন, ২০১৩ এর ৪৫ এ নিরীক্ষার প্রকৃতিতে বর্ণিত শর্তাবলীর স্বাপক্ষে প্রয়োজনীয় রেকর্ডপত্র।
- ১১। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৫৬ বিধি মোতাবেক সমিতির রেজিষ্টার ও বহি সমুহ।  
ক) সদস্য ও তার মনোনীত প্রতিনিধি রেজিষ্টার (ফরম-৯)। খ) শেয়ার রেজিষ্টার, গ) সঞ্চয় রেজিষ্টার বা অগ্রিম রেজিষ্টার( যদি প্রযোজ্য হয়), ঘ) ব্যবস্থাপনা কমিটির সভা ও সাধারণ সভার সিদ্ধান্ত রেজিষ্টার, ঙ) ব্যবস্থাপনা কমিটির সভা ও সাধারণ সভার সদস্য হাজিরা রেজিষ্টার, চ) ক্যাশ বহি বা রেজিষ্টার এবং নিবন্ধক কর্তৃক নির্দেশিত অন্যান্য বহি বা রেজিষ্টার।